

# নূরানী তালীমুল কুরআন বোর্ডের ফল প্রকাশ কাল

নিজস্ব প্রতিবেদক ●

নূরানী তালীমুল কুরআন বোর্ড বাংলাদেশ পরিচালিত তৃতীয় শ্রেণির সমাপনী পরীক্ষার 'ফল প্রকাশ ও শিশু শিক্ষায় নূরানীর ভূমিকা' শীর্ষক আলোচনা সভা আগামী আগামীকাল শনিবার অনুষ্ঠিত হবে। এদিন সকাল ১০টায় জাতীয় প্রেসক্লাবের জহর হোসেন চৌধুরী হলে এই ফলাফল প্রকাশ করা হবে। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বোর্ডের পরিচালক মাওলানা কালিমুল্লাহ জামিল হুসাইন।

নূরানী তালীমুল কুরআন বোর্ড বাংলাদেশের পরিচালক মাওলানা ইসমাইল বেলায়েত হুসাইন জানান, নিরঙ্করতা দূরীকরণ, ঘরে ঘরে শিক্ষার আলো পৌঁছানো, প্রতিটি গ্রামীণ জনপদে নূরানী মাদ্রাসা প্রতিষ্ঠা এবং আগামী প্রজন্মের সন্তানদের বুকে ইসলামের সবুজ চারা রোপণ করতে আমরা কাজ করছি। শায়খুল কুরআন আল্লামা কারি বেলায়েত রহ.-এর ত্যাগ, কুরবানি ও ইখলাসের ফসল আজকের নূরানী তালীমুল কুরআন বোর্ড বাংলাদেশ। অবহেলিত জনগোষ্ঠীর জন্য কুরআন শিক্ষাকে সহজাতকরণে এ বোর্ড বিশেষ ভূমিকা রাখছে। সারা দেশে নিজস্ব সিলেবাসে বাংলা, ইংরেজি ও গণিতকে গুরুত্ব দিয়ে আমরা কাজ করছি। শিক্ষকদের উন্নত প্রশিক্ষণের ব্যবস্থা রেখেছি। আগামী দিনেও কুরআনের খেদমতে শায়খুল কুরআনের পরিবার বিশেষ ভূমিকা রাখবে।